NATIONWIDE CHILDREN'S
When your child needs a hospital, everything matters.℠

রোগীর অ্যাকাউন্ট - হাসপাতালের বিল ব্যবস্থা
নীতি এবং প্রক্রিয়া (BENGALI)

নীতির শিরোনাম: **আর্থিক সহায়তা**	কার্যকর তারিখ 01/01/2016
বিভাগ: রোগীর আর্থিক পরিষেবা	সংশোধনের তারিখ: 17/4/2017, 4/12/2017, 7/3/2019, 15/10/2019, 19/11/2019, 1/1/2021

উদ্দেশ্য এবং পরিধি:

নেশনওয়াইড চিল্‌ড্রেনস হসপিটাল (নেশনওয়াইড চিল্‌ড্রেনস) এবং তার সঙ্গে সম্পর্কযুক্ত সংস্থার যেসব রোগীর আর্থিক প্রয়োজন রয়েছে তাদের আর্থিক সহায়তা নির্ণয় করার স্ট্যান্ডার্ড প্রক্রিয়া স্থির করা এই নীতির উদ্দেশ্য। যেসব রোগী এবং তাদের পরিবার বিনামূল্যে বা ছাড় সহ পরিষেবা পাওয়ার যোগ্য তাদের সনাক্ত করতে এই নীতিতে পেশেন্ট অ্যাকাউন্টস ডিপার্টমেন্টের কর্মীদল, হাসপাতালের অন্যান্য কর্মচারী এবং এক্সটার্নাল ভেন্ডর্স প্রতিনিধিদের জন্য একটি প্রণালী জানানো হয়েছে। কোনও ব্যক্তি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য কিনা তা নির্ণয় করা এবং এক্‌স্‌ট্রাঅর্ডিনারি কালেকসন অ্যাকসন্সে নেশনওয়াইড চিল্‌ড্রেনস বিজড়িত হওয়ার আগে যুক্তিসঙ্গত পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা নির্ণয় করার চূড়ান্ত ক্ষমতা নেশনওয়াইড চিল্‌ড্রেনস পেশেন্ট অ্যাকাউন্টস ডিপার্টমেন্টের কাছে থাকে। জাতি, বর্ণ, ধর্মবিশ্বাস, জাতিগত পরিচয়, রাষ্ট্রীয় মূল, বয়স, লিঙ্গ, যৌন প্রবণতা, লিঙ্গগত পরিচয়, ধর্ম, বা অক্ষমতা নির্বিশেষে সব রোগীর ক্ষেত্রে আর্থিক সহায়তার যোগ্যতা প্রযোজ্য হয়।

এই নীতির অধীন পরিষেবায় নেশনওয়াইড চিল্‌ড্রেনস এবং তার সঙ্গে সম্পর্কযুক্ত সংস্থাগুলির দ্বারা প্রদত্ত সব জরুরী এবং চিকিৎসার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অন্যান্য সেবা শুশ্রূষা দেওয়া হয়।

জরুরী চিকিৎসাগত অবস্থায়, কোনও ব্যক্তি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য কিনা সেই প্রশ্ন নির্বিশেষে নেশনওয়াইড চিল্‌ড্রেনস কোনও প্রকারের বৈষম্য ছাড়া সেবা শুশ্রূষা করবে। নেশনওয়াইড চিল্‌ড্রেনস এমার্জেন্সি মেডিকাল ট্রিটমেন্ট অ্যান্ড লেবার অ্যাক্ট (ইএমটিএএলএ) অনুসারে মেডিকাল স্ক্রীনিং পরীক্ষা এবং সুস্থিত করার চিকিৎসা প্রদান করবে এবং যেখানে উপযুক্ত, ব্যক্তিকে অন্য সেবা ব্যবস্থায় রেফার বা স্থানান্তর করবে, এবং 42 CFR 482.55 (বা তৎপরবর্তী কোনও নিয়ম) অনুসারে জরুরী পরিষেবা দেবে। যেসব কাজ লোকেদের জরুরী চিকিৎসা শুশ্রূষা চাওয়া থেকে নিরস্ত করে, যেমন জরুরী চিকিৎসাগত অবস্থায় চিকিৎসা পাওয়ার আগে জরুরী বিভাগের রোগীর কাছ থেকে দাম চাওয়া বা ঋণ আদায়ের কাজের অনুমতি দেওয়া যা ভেদাভেদ না করে জরুরী চিকিৎসা শুশ্রূষা ব্যবস্থায় বাধা দেয়, তেমন সব কাজ নেশনওয়াইড চিল্‌ড্রেনস নিষেধ করে।

সংজ্ঞা:

<u>সম্পর্কযুক্ত সংস্থা</u> – নেশনওয়াইড চিল্‌ড্রেনস হসপিটাল-এর মালিকানাধীন ও সম্পর্কযুক্ত কোম্পানি, যা হাসপাতালে জরুরী এবং চিকিৎসার পরিপ্রেক্ষিতে অন্যান্য প্রয়োজনীয় সেবা শুশ্রূষা দেয়, তাতে আছে চিল্‌ড্রেনস অ্যানেস্থেসিয়া অ্যাসোসিয়েটস, চিল্‌ড্রেনস রেডিওলজিকাল ইন্সটিটিউট, চিল্‌ড্রেনস সার্জিকাল অ্যাসোসিয়েটস, পিডিয়াট্রিক অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন, এবং পিডিয়াট্রিক প্যাথোলজি অ্যাসোসিয়েটস অফ কলাম্বাস। যদিও চিল্‌ড্রেনস কমিউনিটি প্র্যাক্টিসেস হাসপাতালে রোগীদের শুশ্রূষা করে না, তবে নেশনওয়াইড চিল্‌ড্রেনস হসপিটাল তার মালিক এবং এই নীতি অনুসারে আর্থিক সহায়তা দেয়।
<u>অ্যামাউন্টস জেনেরালি বিলড (এজিবি)</u> – সাধারণত বিমাসহ রোগীদের নেশনওয়াইড চিল্‌ড্রেনস যে বিল দেয়।
<u>এক্সটার্নাল ভেন্ডর্স</u> – বিলিং এবং সংগ্রহের জন্য এজেন্ট হিসাবে কাজ করার জন্য নিয়োগ করা কোম্পানি।

এক্সট্রাঅর্ডিনারি কালেকসন অ্যাকসন্স – 26 CFR 1.501(r)-6(b) (বা তৎপরবর্তী কোনও নিয়মে) এই ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স পলিসির আওতাভুক্ত শুশ্রূষার বিলের পেমেন্ট আদায়ের সূত্রে নেশনওয়াইড চিল্ড্রেনস কোনও মানুষের বিরুদ্ধে যে পদক্ষেপ নিতে পারে।
পরিবারের আকার – অর্থাৎ ফ্যামিলি সাইজ, তাতে আছে রোগী, রোগীর স্বামী বা স্ত্রী ঐ বাড়িতে সহবাস করা নির্বিশেষে তিনি, এবং আঠারো বছরের কম বয়সী রোগীর নিজের বা পালিত সন্তান সন্ততি যারা ঐ বাড়িতে বসবাস করছে। রোগীর বয়স আঠারো বছরের কম হলে, সেই "পরিবারে" রোগী, রোগীর জন্মদাতা বা পালক মা বাবা (একই বাড়িতে তাদের বসবাস করা নির্বিশেষে), এবং মা বাবা(দের) আঠারো বছরের কমবয়সী, নিজের বা পালিত সন্তান যারা ঐ বাড়িতে বসবাস করছে তারা সকলে গণ্য হবে।
এফএপি – এই অর্থ সহায়তার নীতি।
ফেডরল পভার্টি লেভেল (এফপিএল)-দারিদ্র্য সীমা বোঝাতে বার্ষিক উপার্জন এবং পরিবারের আকারের ভিত্তিতে ইউনাইটেড স্টেটস দ্বারা বর্ণিত পদ্ধতি।
গ্রস চার্জ – অর্থাৎ সব সমেত মোট দাম বলতে চিকিৎসা শুশ্রূষা বাবদ যে অর্থের পরিমাণ দাবি করা হয় তা বোঝায়।
গ্রস ইনকাম – বাদ দেওয়ার আগে মোট উপার্জন বোঝায়।
চিকিৎসার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় সেবা শুশ্রূষা – রোগ, আঘাত, রোগাবস্থা, ব্যাধি, বা তার উপসর্গ প্রতিরোধ, নির্ণয়, বা চিকিৎসা করার জন্য যে স্বাস্থ্য-পরিচর্যা পরিষেবা বা সরঞ্জাম প্রয়োজন এবং যা চিকিৎসার গ্রহণযোগ্য স্ট্যান্ডার্ড পূরণ করে।
পেশেন্ট রেসপনসিবিলিটি – রোগীর দায়িত্ব রোগীর বিলে বিমা বাবদ (বাণিজ্যিক এবং সরকারি দাতা সমেত) সব পেমেন্ট, বাদ এবং ছাড় প্রয়োগের পর যে পরিমাণ অর্থ প্রদান করা ব্যক্তির দায়িত্ব।

নির্দেশ:

যোগ্যতার শর্ত

যেসব রোগী নেশনওয়াইড চিল্ড্রেনসে জরুরী বা চিকিৎসার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অন্য সেবা শুশ্রূষা পাচ্ছেন বা চাইছেন তারা আর্থিক সহায়তার আবেদন করতে পারেন, তবে রোগী যদি জরুরী-নয় এমন সেবা চায় সেক্ষেত্রে রোগী যেখানে বসবাস করছেন সেইমত যোগ্যতা মূল্যায়নের শর্তে প্রভেদ থাকতে পারে।

ওহায়োর বাসিন্দারা আর্থিক সহায়তার অনুরোধ করলে প্রথমে তাদের ওহায়ো মেডিকেড (হেল্‌দি স্টার্ট এবং হেল্‌দি ফ্যামিলিজ), ওহায়ো হসপিটাল কেয়ার অ্যাসিওরেন্স প্রোগ্রাম (এইচসিএপি), এবং অ্যালকহল, ড্রাগ অ্যান্ড মেন্টাল হেল্‌থ (এডিএএমএইচ) বোর্ড সমেত তবে এইগুলিতেই সীমিত নয়, সংগঠন থেকে যে সরকারি সাহায্য পাওয়া যায় প্রথমে সেখানে আবেদন করতে হবে। এই শর্ত থেকে রেহাই পাওয়ার জন্য, ওহায়োর যেসব বাসিন্দা সোশাল সিকিওরিটি এবং মেডিকেয়ার কর থেকে অব্যাহতি পায় তাদের সম্পূর্ণকৃত ফর্ম 4029 "সোশাল সিকিওরিটি এবং মেডিকেয়ার সংক্রান্ত কর থেকে অব্যাহতির আবেদন এবং সুবিধার দাবিত্যাগ" দিতে হবে। যেসব রোগী ওহায়োর বাসিন্দা তবে এইসব প্রোগ্রামে সুবিধা পাওয়ার যোগ্য না এবং যেসব রোগী ওহায়োর বাসিন্দা না তবে নেশনওয়াইড চিল্ড্রেনসের জরুরী চিকিৎসা শুশ্রূষা পায় তারা এই প্রকারে মোট গ্রস ইনকাম এবং ফ্যামিলি সাইজ অনুযায়ী আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন:

- ফেডরল পভার্টি লেভেল (এফপিএল)-এর 200% বা তার কম উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 100% অব্যাহতি পাবে।
- এফপিএল-এর 201% এবং 250%-এর মধ্যে উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 80% অব্যাহতি পাবে।
- এফপিএল-এর 251% এবং 300%-এর মধ্যে উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 60% অব্যাহতি পাবে।
- এফপিএল-এর 301% এবং 400%-এর মধ্যে উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 45% অব্যাহতি পাবে।

ওহায়োর যেসব বাসিন্দার পরিবারের উপার্জন এফপিএল-এর 200% তবে এফপিএল-এর 450% এর কম এবং যাদের ন্যাশনাল চিল্ড্রেন্সের বিল পরিবারের বার্ষিক পারিবারিক উপার্জনের 20% এর বেশি হবে তাদের এই নীতিতে চিকিৎসার পরিপ্রেক্ষিতে অভাবগ্রস্ত পরিবার মনে করা হবে। রোগীর দায়িত্বে চিকিৎসার পরিপ্রেক্ষিতে অভাব গ্রস্ত পরিবার অর্থের পরিমাণে বেশি ছাড় পাওয়ার যোগ্য হবে, দেশব্যাপী সব নেশনওয়াইড চিল্ড্রেনস বিলে পরিবারের রোগীর দায়িত্ব এইরূপে পরিবারের বার্ষিক সংসারের উপার্জনের শতাংশের (%) সমান হওয়া উচিত:

- ফেডরল পভার্টি লেভেল (এফপিএল)-এর 200% বা তার কম উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 100% অব্যাহতি পাবে।
- এফপিএল-এর 201% এবং 250% এর মধ্যে উপার্জনে এমনভাবে অব্যাহতি দেওয়া হবে যাতে তার ব্যালেন্স পরিবারের বার্ষিক পারিবারিক উপার্জনের 5% এর সমপরিমাণ হয়।

- এফপিএল-এর 251% এবং 300% এর মধ্যে উপার্জনে এমনভাবে অব্যাহতি দেওয়া হবে যাতে তার ব্যালেন্স পরিবারের বার্ষিক পারিবারিক উপার্জনের 7% এর সমপরিমাণ হয়।
- এফপিএল-এর 301% এবং 450% এর মধ্যে উপার্জনে এমনভাবে অব্যাহতি দেওয়া হবে যাতে তার ব্যালেন্স পরিবারের বার্ষিক পারিবারিক উপার্জনের 10% এর সমপরিমাণ হয়।

যারা ওহায়োর বাসিন্দা না তারা জরুরী-নয় এমন চিকিৎসা শুশ্রূষার অনুরোধ করলে তারা ঐরূপ জরুরী-নয় এমন শুশ্রূষা পাওয়ার আগে তাদের আর্থিক সহায়তার জন্য প্রাক-অনুমোদন প্রয়োজন। প্রাক-অনুমোদন প্রক্রিয়ায় ঐ ব্যক্তিকে রোগীর বাসস্থান রাজ্যের স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থার বদলে নেশনওয়াইড চিল্ড্রেনসের পরিষেবা নেওয়ার চিকিৎসাগত যুক্তি জমা করতে হবে। নেশনওয়াইড চিল্ড্রেনস ঐরূপ যুক্তি পুনর্বিচার করবে এবং নেশনওয়াইড চিল্ড্রেনসের নির্ণয়মত যে রোগী উপযুক্ত চিকিৎসাগত যুক্তি জমা করেছেন তিনি এইভাবে মোট গ্রস ইনকাম এবং ফ্যামিলি সাইজ অনুযায়ী আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন:

- ফেডরল পভার্টি লেভেল (এফপিএল)-এর 200% বা তার কম উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 100% অব্যাহতি পাবে।
- এফপিএল-এর 201% এবং 250%-এর মধ্যে উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 80% অব্যাহতি পাবে।
- এফপিএল-এর 251% এবং 300%-এর মধ্যে উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 60% অব্যাহতি পাবে।
- এফপিএল-এর 301% এবং 400%-এর মধ্যে উপার্জন হলে পেশেন্ট রেসপনসিবিলিটির 45% অব্যাহতি পাবে।

যারা ইউএস বাসিন্দা না তারা জরুরী-নয় এমন শুশ্রূষার জন্য আর্থিক সহায়তার অনুরোধ করলে, তাদের ক্ষেত্রে ইন্টারন্যাশনাল চ্যারিটি পেশেন্টদের জন্য নেশনওয়াইড চিল্ড্রেনসের নীতি এবং প্রক্রিয়া অনুসারে ঐরূপ জরুরী-নয় এমন শুশ্রূষা পাওয়ার জন্য আর্থিক সহায়তার প্রাক-অনুমোদন প্রয়োজন। বেশ কয়েকটি যোগ্যতার ভিত্তিতে নেশনওয়াইড চিল্ড্রেনসের স্টীয়ারিং কমিটি ফর ইন্টারন্যাশনাল পেশেন্টস আন্তর্জাতিক রোগীর দাতব্য সেবা শুশ্রূষা পাওয়ার যোগ্যতা নির্ণয় করে, তাতে আছে যে চিকিৎসাগত হস্তক্ষেপ প্রয়োজন সেটা, হস্তক্ষেপের ফলে অন্তর্নিহিত চিকিৎসাগত অবস্থার সফল নিরাময় এবং হস্তক্ষেপের পর সঠিক ব্যবস্থাপনার সম্ভাবনা, নেশনওয়াইড চিল্ড্রেনসের কাছে ঐ প্রকারের হস্তক্ষেপের অসাধারণ ক্ষমতা আছে কিনা, রোগী যে দেশে বসবাস করেন সেখানে ঐ প্রকারের পরিষেবা পাওয়ার সুযোগ, বাজেটের সীমা, এবং আন্তর্জাতিক কেসে নেশনওয়াইড চিল্ড্রেনসের দাতব্য সেবা সংস্থান সবচেয়ে কার্যকর ও ফলপ্রসূ ভাবে সদ্ব্যবহার সুনিশ্চিত করতে স্টীয়ারিং কমিটি এই প্রকারের আরও যোগ্যতার শর্ত স্থির করতে পারে। নেশনওয়াইড চিল্ড্রেনসের ওয়েলকাম সেন্টারে যোগাযোগ করে আন্তর্জাতিক রোগীদের জন্য দাতব্য শুশ্রূষা দেওয়ার সুযোগ সংক্রান্ত তথ্য জানা যায়।

যেসব মেডিকেড প্রাপক মেডিকেডের আওতাভুক্ত নয় এমন মেডিকালি নেসেসারি কেয়ার পায় তাদের ঐরূপ মেডিকালি নেসেসারি কেয়ারে পেশেন্ট রেসপনসিবিলিটির 100% স্বয়ংক্রিয় অব্যাহতি দেওয়া হবে। এইরূপ পরিস্থিতিতে আর্থিক সহায়তার জন্য আবেদন প্রয়োজন হবে না।

যেসব পরিবার নেশনওয়াইড চিল্ড্রেন্স পেশেন্ট অ্যাকাউন্টস ডিপার্টমেন্টকে একটা সম্পূর্ণকৃত IRS ফর্ম 4029 বা নেশনওয়াইড চিল্ড্রেন্সের জন্য সন্তোষজনক অন্য দলিল দিয়ে প্রতিপাদন করে যে ঐ পরিবার পরিবারের ধর্মীয় সদস্যতার কারণে সরকারি সুবিধায় তাদের অধিকার ত্যাগ করেছে তারা পেশেন্ট রেসপনসিবিলিটির ততটাই ছাড় পাবে যতটা এই এফএপি-এর অধীন এফপিএল-এর 301% এবং 400%-এর মধ্যে উপার্জনকারীদের দেওয়া হয়। এইরূপ পরিস্থিতিতে আর্থিক সহায়তার জন্য আবেদন প্রয়োজন হবে না।

যেসব পরিবারের ঠিকানা "বাসাহীন আশ্রয়" তারা পেশেন্ট রেসপনসিবিলিটির 100% ছাড় পাবেন। এইরূপ পরিস্থিতিতে আর্থিক সহায়তার জন্য আবেদন প্রয়োজন হবে না।

এই নীতিতে আর্থিক সহায়তা পাওয়ার যোগ্যতা নির্ণয়ের চূড়ান্ত ক্ষমতা নেশনওয়াইড চিল্ড্রেনসের পেশেন্ট অ্যাকাউন্টস ডিপার্টমেন্টের কাছে থাকবে।

রোগীর কাছ থেকে দাম চাওয়ার মৌলিক হিসাব

এই এফএপি-তে জরুরী এবং চিকিৎসার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় সেবা শুশ্রূষার জন্য আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য রোগীর কাছ থেকে যে দাম চাওয়া হবে তা এজিবির বেশি হবে না। ফেডরল নিয়মের বর্ণনা অনুসারে, "ফিরে দেখা"র পদ্ধতিতে নেশনওয়াইড চিল্ড্রেনস এজিবির হিসাব করে, তাতে ঐ দাবিতে 12 মাসের সময় সীমায় মেডিকেয়ার দাম-দিয়ে-পরিষেবা এবং সমস্ত বেসরকারি স্বাস্থ্য বিমা কোম্পানি যে কটি দাবি অনুমোদন করবে সেসব নেশনওয়াইড চিল্ড্রেনসের গ্রস চার্জ দিয়ে ভাগ করা হবে। 1 জানুয়ারীর ঠিক আগেকার 30 সেপ্টেম্বরে শেষ হওয়া 12 মাসের সময়কালের ডেটা দিয়ে প্রতি বছর 1 জানুয়ারীতে নেশনওয়াইড চিল্ড্রেনস তাদের এজিবি হিসাব আপডেট করে। ক্যালেন্ডার বর্ষ 2021-এ, এজিবি 80.1%-এর সম পরিমাণ।

আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য ব্যক্তির কাছ থেকে শুধু ততটুকু অর্থের পরিমাণ চাওয়া হয় যার দাম দেওয়ার জন্য সে ব্যক্তিগতভাবে দায়বদ্ধ, তাতে (এফএপি-এর অধীন যে ছাড় পাওয়া যায় তা সমেত) সব বাদ ও ছাড় প্রয়োগ করা হয় এবং (বাণিজ্যিক ও সরকারি প্রদানকারী সমেত) বীমাকারীর দেওয়া অর্থের পরিমাণ বাদ দেওয়া হয়।

<u>আর্থিক সহায়তার জন্য আবেদন করার পদ্ধতি</u>

আর্থিক সহায়তার জন্য বিবেচিত হতে, ব্যক্তিকে নেশনওয়াইড চিল্‌ড্রেনসের পেশেন্ট অ্যাকাউন্টস ডিপার্টমেন্টে আর্থিক সহায়তার আবেদন করতে হবে। যেসব ব্যক্তি এই পলিসিতে 100% ছাড়ের স্তরে আর্থিক সাহায্য পেতে চান (যেমন যেসব ব্যক্তির পারিবারিক উপার্জন এফপিএল এর 200% বা তার কম) তাদের অবশ্যই ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স অ্যাপ্লিকেশন পূরণ করতে হবে এবং ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স অ্যাপ্লিকেশনে তালিকাভুক্ত দলিল এবং তথ্য দিতে হবে। অন্য সব আবেদনকারী ফোনের মাধ্যমে পেশেন্ট অ্যাকাউন্টস ডিপার্টমেন্টকে প্রয়োজনীয় তথ্য জানাতে পারে, কাগজে আবেদন করতে হবে না। পে চেক, W-2 (বেতন এবং কর বিবৃতি) এবং আয় কর বিবরণের কপির অনুরোধ করার অধিকার নেশনওয়াইড চিল্‌ড্রেনসর কাছে রয়েছে।

এইভাবে (উপরোক্ত নিয়মে, লিখিত বা ফোনের মাধ্যমে) আর্থিক সহায়তার আবেদন করতে হবে:

- এফপিএল-এর 100% বা তার কমের রোগীর জন্য আউটপেশেন্ট হাসপাতাল পরিষেবা এচসিএপির আওতাভুক্ত সুতরাং পরিষেবার প্রথম দিন থেকে প্রতি 90 দিনে নতুন আবেদন করতে হবে। অন্য সব রোগীদের আউটপেশেন্ট হাসপাতাল পরিষেবার জন্য পরিষেবার প্রথম তারিখ থেকে প্রতি 180 দিনে একটা নতুন আবেদন করা প্রয়োজন। এইচসিএপির ডিসেবিলিটি অ্যাসিস্টেন্স (ডিএ) প্রোগ্রাম বা তৎপরবর্তী প্রোগ্রাম প্রাপকদের প্রতি মাসে নতুন আবেদন জমা করতে হয়।
- ডিসচার্জ হওয়ার 45 দিনের মধ্যে একই অন্তর্নিহিত অবস্থার জন্য রোগীকে ভর্তি করার পরিস্থিতি ছাড়া অন্যান্য ক্ষেত্রে তার নিজস্ব আর্থিক সহায়তার আবেদনে প্রতিটি ইনপেশেন্ট ভর্তি করা হয়। তার পরে ঐ একই আবেদনে আবার ভর্তি করা যায়, তবে তা শুধুমাত্র 45 দিনের মধ্যে এবং সম্পর্কিত অবস্থার কারণে করা হবে। যে আবেদনে ইনপেশেন্ট অ্যাকাউন্ট রয়েছে তাতে আউটপেশেন্ট অ্যাকাউন্ট যোগ করা যায়, তবে যে আবেদনে আউটপেশেন্ট অ্যাকাউন্ট আছে তাতে ইনপেশেন্ট ভিজিট যোগ করা যায় না।

এই নীতিতে কোনও ব্যক্তি আর্থিক সহায়তার যোগ্য কিনা তা নির্ণয় করতে নেশনওয়াইড চিল্‌ড্রেনস বিগত এফএপি যোগ্যতার সিদ্ধান্ত ব্যবহার করে না।

আর্থিক সহায়তার আনুমানিক যোগ্যতা
এফএপি-তে প্রাপ্য সবচেয়ে অকৃপণ সহায়তার জন্য এফএপি-যোগ্যতা মূল্যায়ন করতে, রোগীর তথ্য পুনর্বিচার করতে নেশনওয়াইড চিল্‌ড্রেনস হসপিটাল একটা তৃতীয় পক্ষকে ব্যবহার করতে পারে। এই পুনর্বিচার ও বিশ্লেষণে স্বাস্থ্য পরিচর্যা ইন্ডাস্ট্রির স্বীকৃত, পূর্বানুমানযোগ্য মডেল ব্যবহার করা হয়। তবে এফএপি-তে প্রাপ্য সবচেয়ে অকৃপণ সহায়তার চেয়ে কম পরিমাণে আনুমানিক যোগ্যতা নির্ণয় করতে এই প্রকারের পুনর্বিচার ব্যবহার করা হবে না।

<u>পেমেন্ট না করা হলে যে পদক্ষেপ নেওয়া যায়</u>

নেশনওয়াইড চিল্‌ড্রেনস ঋণ আদায় করার যথাসাধ্য চেষ্টা করবে এবং এক্‌স্ট্রাঅর্ডিনারি কালেকসন অ্যাকসন্সে জড়িত হওয়ার আগে ঐ ব্যক্তি এফএপি যোগ্য কিনা তা নির্ণয় করার যুক্তিসঙ্গত প্রয়াস করবে। এই প্রকারের যুক্তিসঙ্গত প্রয়াসে ডিসচার্জের প্রথম 120 দিনে, নিম্নোক্ত সময় তালিকানুসারে, দায়িত্বপ্রাপ্ত পক্ষের কাছে বিবৃতি পাঠানো হবে এবং ফোন করা হবে। ঋণ সংগ্রহে সাহায্যের জন্য নেশনওয়াইড চিল্‌ড্রেনস এক্সটার্নাল ভেন্ডারের পরিষেবা কাজে লাগাতে পারে।

0 - 30 দিন	প্রথম বিলিং বিবৃতি এবং তার সঙ্গে যে আর্থিক সহায়তা পাওয়া যায় তার লিখিত নোটিশ, এফএপি আবেদনের ফর্ম পাঠানো হয়, এবং এফএপি আবেদন প্রণালীতে একজন ব্যক্তি কিভাবে সাহায্য পেতে পারেন তা জানানো হয়।
31 - 60 দিন	সরল ভাষায় এফএপি-র সংক্ষিপ্ত বর্ণনা সমেত দ্বিতীয় বিলিং বিবৃতি পাঠানো হয়, এবং একটি নোটিশ দিয়ে জানানো হয় যে ডিসচার্জের পর প্রথম বিলিং বিবৃতির 365 দিনের মধ্যে ঐ অর্থের পরিমাণ মিটিয়ে না দেওয়া হলে নেশনওয়াইড চিল্‌ড্রেনস ক্রেডিট বিউরোর কাছে বকেয়া অ্যাকাউন্টের রিপোর্ট করতে চায়। তাছাড়া, নেশনওয়াইড চিল্‌ড্রেন্সের এফএপি-র বিষয়ে ঐ ব্যক্তিকে জানানোর জন্য এবং এফএপি আবেদন প্রণালীতে তিনি কিভাবে সাহায্য পেতে পারে তা বলে বুঝিয়ে দেওয়ার জন্য একটা ফোন করা হয়।

61 - 90 দিন	সরল ভাষায় এফএপি-র সংক্ষিপ্ত বর্ণনা সমেত তৃতীয় বিলিং বিবৃতি পাঠানো হয়, এবং একটি নোটিশ দিয়ে জানানো হয় যে ডিসচার্জের পর প্রথম বিলিং বিবৃতির 365 দিনের মধ্যে ঐ অর্থের পরিমাণ মিটিয়ে না দেওয়া হলে নেশনওয়াইড চিল্ড্রেনস ক্রেডিট বিউরোর কাছে বকেয়া অ্যাকাউন্টের রিপোর্ট করতে চায়। তাছাড়া, নেশনওয়াইড চিল্ড্রেন্সের এফএপি-র বিষয়ে ঐ ব্যক্তিকে জানানোর জন্য এবং এফএপি আবেদন প্রণালীতে তিনি কিভাবে সাহায্য পেতে পারে তা বলে বুঝিয়ে দেওয়ার জন্য একটা ফোন করা হয়।
91 - 120 দিন	সরল ভাষায় এফএপি-র সংক্ষিপ্ত বর্ণনা সমেত তৃতীয় বিলিং বিবৃতি পাঠানো হয়, এবং একটি নোটিশ দিয়ে জানানো হয় যে ডিসচার্জের পর প্রথম বিলিং বিবৃতির 365 দিনের মধ্যে ঐ অর্থের পরিমাণ মিটিয়ে না দেওয়া হলে নেশনওয়াইড চিল্ড্রেনস ক্রেডিট বিউরোর কাছে বকেয়া অ্যাকাউন্টের রিপোর্ট করতে চায়। তাছাড়া, নেশনওয়াইড চিল্ড্রেন্সের এফএপি-র বিষয়ে ঐ ব্যক্তিকে জানানোর জন্য এবং এফএপি আবেদন প্রণালীতে তিনি কিভাবে সাহায্য পেতে পারে তা বলে বুঝিয়ে দেওয়ার জন্য দু বার ফোন করা হয়।

আর্থিক সহায়তা পাওয়া যায় তার লিখিত নোটিশ, এফএপি আবেদনের ফর্ম, এবং এফএপি আবেদন প্রণালীতে একজন ব্যক্তি কিভাবে সাহায্য পেতে পারেন তা জানানো ছাড়াও সব কটি বিলিং বিবৃতিতে সরাসরি ওয়েবসাইটের ঠিকানা থাকবে যেখানে এফএপি-র কপি, এফএপি আবেদনের ফর্ম, এবং সরল ভাষায় এফএপি-র সংক্ষিপ্ত বর্ণনা পাওয়া যায়।

প্রারম্ভিক বিলিং বিবৃতির তারিখ থেকে 1 বছর পরে নেশনওয়াইড চিল্ড্রেনস ক্রেডিট বিউরোর কাছে বকেয়া অ্যাকাউন্টের রিপোর্ট করতে পারে। সেবা শুশ্রূষার একাধিক পর্বের খরচ বহন করার জন্য যদি কারুর সামগ্রিক বিল দেওয়া হয় তাহলে সেই সামগ্রিক হিসাবে অন্তর্ভুক্ত সবচেয়ে সাম্প্রতিক সেবা পর্বের ডিসচার্জের-পর প্রথম বিলিং বিবৃতির অন্তত 120 দিন না হওয়া পর্যন্ত ক্রেডিট বিউরোর কাছে বকেয়া অ্যাকাউন্টের রিপোর্ট করা হবে না।

আবেদনের সময়কালে (অর্থাৎ ডিসচার্জের-পর প্রথম বিলিং বিবৃতির 240 দিন পরে) যদি কেউ অসম্পূর্ণ এফএপি আবেদন জমা করে, নেশনওয়াইড চিল্ড্রেনস তাকে লিখিত নোটিশ পাঠাবে যাতে এফএপি আবেদন সম্পূর্ণ করার জন্য এফএপি বা এফএপি আবেদনের ফর্মে যেসব অতিরিক্ত তথ্য এবং/বা দলিল জমা করা দরকার তার বর্ণনা থাকবে, এবং নেশনওয়াইড চিল্ড্রেনসের যে বিভাগ এফএপির বিষয়ে তথ্য জানাতে পারে এবং আবেদন প্রণালীতে সাহায্য করতে পারে তাদের যোগাযোগের তথ্যও জানাবে। এফএপির অধীন কোনও ব্যক্তি আর্থিক সহায়তার যোগ্য কিনা বা ঐ ব্যক্তির কাছ থেকে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে অতিরিক্ত তথ্য এবং/বা দলিলের অনুরোধে তিনি উত্তর দিতে ব্যর্থ হয়েছেন কিনা তা নেশনওয়াইড চিল্ড্রেনস স্থির না করা পর্যন্ত নেশনওয়াইড চিল্ড্রেনস এক্স্ট্রাঅর্ডিনারি কালেকসন অ্যাকসন মুলতবি রাখবে (এবং প্রাসঙ্গিক হলে তার এক্সটার্নাল ভেন্ডরদের ঐরূপ প্রয়াস স্থগিত রাখতে বলবে)।

আবেদন কালে সম্পূর্ণকৃত এফএপি আবেদন পাওয়ার পরে, ঐ ব্যক্তি সেবা শুশ্রূষার জন্য এফএপি-যোগ্য কিনা তা নেশনওয়াইড চিল্ড্রেনস স্থির করবে এবং লিখিত উপায়ে ঐ ব্যক্তিকে এই যোগ্যতা নির্ণয় (প্রাসঙ্গিক হলে, ঐ ব্যক্তি যে সহায়তা পাওয়ার যোগ্য সেসব সমেত) এবং এই নির্ণয়ের ভিত্তি জানাবে। যদি নির্ণয় করা হয় যে ঐ ব্যক্তি বিনামূল্যে সেবা শুশ্রূষা ছাড়াও অন্য সহায়তা পাওয়ার যোগ্য, তাহলে নেশনওয়াইড চিল্ড্রেনস:

- ঐ ব্যক্তিকে একটা বিলিং বিবৃতি দেবে যাতে এফএপি-যোগ্য ব্যক্তি হিসাবে সেবার জন্য ঐ ব্যক্তিকে কতটা ঋণ শোধ করতে হবে এবং কিভাবে ঐ অর্থের পরিমাণ স্থির করা হয়েছে তা জানানো হবে। ঐ ব্যক্তি সেবা বাবদ এজিবি তথ্য কিভাবে পেতে পারেন তার বর্ণনাও ঐ বিলিং বিবৃতিতে জানানো হবে।
- এফএপি-যোগ্য ব্যক্তি হিসাবে ঐ ব্যক্তি ব্যক্তিগতভাবে যতটা পরিমাণ দাম দেওয়ার জন্য দায়বদ্ধ তিনি সেবা বাবদ তার বেশি দাম দিয়ে থাকলে তাকে সেটা ফেরত দেবে।
- ঐ প্রকারের পেমেন্ট আদায় করার জন্য ব্যক্তির বিরুদ্ধে এক্স্ট্রাঅর্ডিনারি কালেকসন অ্যাকসন্স কোনও পদক্ষেপ নিয়ে থাকলে তা বদলে দেওয়ার জন্য যা যা যুক্তিসঙ্গত উপায় আছে সেসব অনুসরণ করবে।

যদি কোনও ব্যক্তি এফএপি আবেদন জমা করে, এবং ঐ ব্যক্তি এফএপি-যোগ্য কিনা তা নেশনওয়াইড চিল্ড্রেনস নির্ণয় করার আগে, সেই ব্যক্তি মেডিকেড যোগ্যতার জন্য আবেদন করে সেক্ষেত্রে ঐ ব্যক্তি এফএপি-যোগ্য কিনা তা নির্ণয় করা নেশনওয়াইড চিল্ড্রেনস মুলতবি করে দেবে এবং ঐ ব্যক্তির বিরুদ্ধে এক্স্ট্রাঅর্ডিনারি কালেকসন অ্যাকসন্সে ততক্ষণ জড়িত হবে না যতক্ষণ না ঐ ব্যক্তির মেডিকেড আবেদন সম্পূর্ণ ও জমা করা হচ্ছে এবং ঐ ব্যক্তির মেডিকেড যোগ্যতা নির্ণয় করা হচ্ছে।

<u>নেশনওয়াইড চিল্ড্রেনসে যেসব সেবা প্রদানকারী জরুরী এবং চিকিৎসার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অন্য সেবা শুশ্রূষা প্রদান করে তাদের তালিকা</u>

নেশনওয়াইড চিল্ড্রেনসে যেসব সেবা প্রদানকারী জরুরী এবং চিকিৎসার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অন্য সেবা শুশ্রূষা প্রদান করে তাদের বিবরণ সহ তালিকা এবং নেশনওয়াইড চিল্ড্রেনসের এফএপি-তে তাদের পেশাদার পরিষেবা অন্তর্ভুক্ত কিনা তা http://www.nationwidechildrens.org/financial-assistance -এ দেখা যায়, বা নিচে যোগাযোগের তথ্যে বর্ণিত বিভাগে যোগাযোগ করে কাগজের কপি পাওয়া যায়।

<u>ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স পলিসি পাওয়া, সরল ভাষায় ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স পলিসির সংক্ষিপ্ত বর্ণনা এবং ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স আবেদন</u>

ওয়েব সাইট অ্যাক্সেস
https://www.nationwidechildrens.org/your-visit/billing-and-insurance/financial-assistance
কাগজের কপি

- রোগী বা দায়িত্বপ্রাপ্ত পক্ষ অনুরোধ করলে অতিরিক্ত দাম না দিয়ে পেতে পারে।
- নেশনওয়াইড চিল্ড্রেনসের প্রধান ক্যাম্পাস (এমার্জেন্সি রুম সমেত) এবং অফসাইট পরিসরে যে কোনও ভর্তি বা রেজিস্ট্রেশনের জায়গায় প্রবেশ পথে কাগজের কপি দেওয়া হয়।
- অনুরোধ করা হলে ডাক যোগে রোগী এবং/বা মা বাবার কাছে চিঠি এবং ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স অ্যাপ্লিকেশন পাঠানো হয়।
- সব বিলিং বিবৃতিতে বিবৃতির উল্টোপিঠে ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স অ্যাপ্লিকেশন এবং যে বিভাগ আবেদনের ব্যাপারে সাহায্য করতে পারে তার সাথে যোগাযোগের তথ্য থাকে।

হাসপাতাল ব্যবস্থার রোগীদের জন্য নোটিশ ও তথ্য জানানো

- রোগী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে আর্থিক সহায়তা পাওয়ায় পরামর্শ দিতে নেশনওয়াইড চিল্ড্রেনসের প্রধান ক্যাম্পাস (এমার্জেন্সি রুম সমেত) এবং অফসাইট পরিসরে যে কোনও ভর্তি বা রেজিস্ট্রেশনের জায়গায় চিহ্ন দেওয়া আছে।
- দ্বিতীয় বিলিং বিবৃতি জারি করার পরে আর্থিক সহায়তার প্রস্তাব দিতে অটোমেটেড ফোন কল করা হয়।
- অভাবগ্রস্ত রোগীদের আর্থিক সহায়তা দিতে নেশনওয়াইড চিল্ড্রেনসের ফাইন্যান্সিয়াল কাউন্সেলার তাদের রুমে বা ক্লিনিকে গিয়ে তাদের সাথে দেখা করেন।

বৃহত্তর সমাজকে ওয়াকিবহাল করা ও তথ্য জানানো

- এফএপি, সরল ভাষায় এফএপি-র সংক্ষিপ্ত বর্ণনা এবং ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স অ্যাপ্লিকেশন এ সবই পাওয়া যায় এখানে www.NationwideChildrens.org।
- তাছাড়া মাঝে মধ্যে ফ্র্যাঙ্কলিন কাউন্টির ফেডরল যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র এবং যেসব সমাজ-ভিত্তিক ডাক্তার নেশনওয়াইড চিল্ড্রেনসের মেডিকাল কর্মীদলের সদস্য তাদের সাথে নেশনওয়াইড চিল্ড্রেনস সরল ভাষায় এফএপি-র সংক্ষিপ্ত বর্ণনা এবং ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স অ্যাপ্লিকেশন শেয়ার করে যাতে এইসব সেবা প্রদানকারীর রোগীরা সহজেই এই দলিলগুলি পেতে পারেন।

অনুবাদিত দলিল

- ফ্র্যাঙ্কলিন কাউন্টিতে 1000 বা 5 শতাংশের কম সংখ্যক ইংরেজিতে সীমিত দক্ষতাসম্পন্ন (এলইপি) প্রতিটি ভাষা গোষ্ঠীর জন্য এবং অন্য যারা যুক্তিসঙ্গত কারণে নেশনওয়াইড চিল্ড্রেনস দ্বারা প্রভাবিত হতে পারে তাদের জন্য কথ্য ভাষায় ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স পলিসি, ফাইন্যান্সিয়াল অ্যাসিস্টেন্স অ্যাপ্লিকেশন এবং সরল ভাষায় এফএপি-র সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হবে। প্রতি বছর ভাষার প্রয়োজন পুনর্বিচার করার দায়িত্ব পেশেন্ট অ্যাকাউন্টস ডায়রেক্টারের কাছে থাকবে এবং তিনি দরকার মত দলিলের অনুবাদিত সংস্করণের ব্যবস্থা করবেন।

যোগাযোগের তথ্য

উপদেষ্টা	ঠিকানা	ফোন

নেশনওয়াইড চিল্ড্রেনস ফাইন্যান্সিয়াল কাউন্সেলার	ভর্তি অফিস 700 চিল্ড্রেনস ড্রাইভ বা অ্যাপয়েন্টমেন্ট নিয়ে যে কোনও নেশনওয়াইড চিল্ড্রেনস ঠিকানায়	**(614) 722-2070**
নেশনওয়াইড চিল্ড্রেনস গ্রাহক পরিষেবা	রোগীর অ্যাকাউন্ট শুধু ফোন	**(614) 722-2055**

নভেম্বর___, 2020-এ
নেশনওয়াইড চিল্ড্রেনস হসপিটালের বোর্ড অফ ডায়রেক্টর্সের
ফাইন্যান্স অ্যান্ড অডিট কমিটি দ্বারা অনুমোদিত:

____ ____________________

লিউক ব্রাউন
চীফ ফাইন্যান্সিয়াল অফিসার

তারিখ